দৈনিক
আমাদের সময়

তারিখ 28 OCT 2016
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# লক্ষ্মীপুরে পরীক্ষাকেন্দ্রে ঢুকে স্কুল ছাত্রীকে মারধর, গ্রেপ্তার ২

**লক্ষ্মীপুর প্রতিনিধি** *

লক্ষ্মীপুর শহরের এন আহাম্মদীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষাকেন্দ্রে ঢুকে পঞ্চম শ্রেণির এক ছাত্রীকে পিটিয়ে জখম করার ঘটনায় নিজাম উদ্দিন ও জয় নামে ২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার ভোরে শহরের বাঞ্ছানগর এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। এর আগে গত বুধবার রাতে ওই ছাত্রীর মা বাদী হয়ে লক্ষ্মীপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় তিনজনের নাম উল্লেখ করে আরও ৪ জনকে অজ্ঞাত আসামি করা হয়। স্থানীয়রা জানায়, গত বুধবার স্কুলে পঞ্চম শ্রেণির মডেল টেস্ট দিচ্ছিল সাবিহা আফরিন নামে ওই ছাত্রী। দুপুর ১২টার দিকে পরীক্ষা কেন্দ্রে ঢুকে নিজাম উদ্দিন ও জয়সহ ৪-৫ জনের একদল সন্ত্রাসী ওই ছাত্রীকে এলোপাতাড়ি পিটিয়ে আহত করে। পরে বিদ্যালয়ের শিক্ষকরা এগিয়ে এলে তারা পালিয়ে যায়। খবর পেয়ে স্বজনরা আহত ছাত্রীকে উদ্ধার করে লক্ষ্মীপুর সদর হাসপাতালে ভর্তি করে।

জানা গেছে, সহপাঠী ববি আক্তারের সঙ্গে গত মঙ্গলবার দুপুরে তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সাবিহা আফরিনের কথা কাটাকাটি হয়। এর জের ধরে ববির স্বজনরা এ ঘটনা ঘটায় বলে জানান ওই বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা। লক্ষ্মীপুর সদর থানার ওসি মো. আবদুল্লাহ আল মামুন ভুঁইয়া জানান, ছাত্রীকে মারধর করার ঘটনায় থানায় মামলা হয়েছে। এ ঘটনায় দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

খুবি ভর্তি পরীক্ষা

# পরীক্ষার্থীর মুখমণ্ডল অনাবৃত রাখা বাধ্যতামূলক

**নিজস্ব প্রতিবেদক, খুলনা** *

খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ অনার্স ১ম বর্ষে ভর্তি পরীক্ষার হলে পরীক্ষার্থীদের কানসহ মুখমণ্ডল অনাবৃত রাখা বাধ্যতামূলক করা হয়েছে। পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোনসহ সকল প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস আনা নিষিদ্ধ। তবে বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুল এবং জীববিজ্ঞান স্কুলে ভর্তি পরীক্ষার্থীরা ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। ভর্তি পরীক্ষা সংক্রান্ত গতকাল বৃহস্পতিবার অনুষ্ঠিত সভা শেষে এ তথ্য জানানো হয়েছে। আগামী ৩, ৪ ও ৫ নভেম্বর ওই পরীক্ষা অনুষ্ঠিত হবে।